# অতিরিক্ত সংস্থান কার্যক্রমের ব্যাখ্যা

নিম্নলিখিতটি আপনার সংস্থান সীমা অতিক্রম করা সত্ত্বেও আপনি কীভাবে Medicaid এর যোগ্য হতে পারেন এবং আপনার চিকিৎসার বিলের ক্ষেত্রে সাহায্য পেতে পারেন তার একটি ব্যাখ্যা। এই চিঠিটি বুঝতে সাহায্যের প্রয়োজন হলে অনুগ্রহ করে আপনার সমাজকর্মীর সঙ্গে যোগাযোগ করুন।

আপনি Medicaid এর আবেদন করে থাকলে আমাদের লিখিত বিজ্ঞপ্তিটি আপনাকে বলে দেবে যে আপনার সংস্থান Medicaid **সংস্থানের** সীমা ছাড়িয়ে গেছে কিনা এবং কী পরিমাণে আপনার সংস্থান সীমা ছাড়িয়েছে। এই রাশিটিকে অতিরিক্ত সংস্থানও বলা হয়। বিশেষ কিছু সংস্থান কম্পিউটারে মেলানোর মাধ্যমে যাচাই করা যেতে পারে। আপনি আপনার বিজ্ঞপ্তিতে তালিকাভুক্ত অতিরিক্ত সংস্থানের রাশি ভুল বলে মনে করলে আপনার অবিলম্বে সংস্থার সঙ্গে যোগাযোগ করা আবশ্যক, তবে তা যোগ্যতার সিদ্ধান্তের তারিখের 30 দিনের মধ্যে হতে হবে। আমরা আপনাকে আপনার সংস্থানের প্রমাণ পাঠাতে বলতে পারি। আপনার **আয়** অনুমোদনযোগ্য সীমার বেশিও হতে পারে। তা হয়ে থাকলে আমাদের আপনাকে দেওয়া বিজ্ঞপ্তি আপনাকে বলে দেবে যে আপনার আয় কতটা অতিরিক্ত। এটি অতিরিক্ত আয় কার্যক্রমের একটি পৃথক ব্যাখ্যা যা আপনি আপনার অতিরিক্ত আয় থাকলে পাবেন।

## অতিরিক্ত সংস্থানসমূহ

আপনার সংস্থান আপনার পরিবারের মাপের Medicaid সীমার চেয়ে বেশি হলে আপনি Medicaid কভারেজের যোগ্য হতে পারেন যদি আপনার চিকিৎসার বিলগুলি আপনার অতিরিক্ত সংস্থানের সমান বা বেশি হয় অথবা যদি আপনি আপনার অতিরিক্ত সংস্থান আপনার ও আপনার স্ত্রীর/স্বামীর দাফনের জন্য সরিয়ে রাখা বিশেষ কিছুর জন্য খরচ করেন।

আপনি যে মাসের জন্য Medicaid কভারেজ চান তার প্রথম দিনে আপনার হাতে থাকা সংস্থানের রাশি ধরে আমরা গণনা করি। অতিরিক্ত সংস্থান অফসেট করতে ব্যবহৃত চিকিৎসার বিলগুলি হল যেগুলি আপনার প্রথম মাসে বকেয়া ছিল, সেই মাসে আপনি চিকিৎসা পরিষেবার যে বিলগুলি পেয়েছেন এবং সেই মাসে আপনি যে চিকিৎসার বিলগুলি প্রদান করেছেন। আপনার অতিরিক্ত সংস্থানগুলি এই চিকিৎসার বিলগুলির বিপরীতে সম্পূর্ণ প্রয়োগ করা হয়ে যাওয়ার পর আপনি Medicaid এর যোগ্য হবেন। অতিরিক্ত সংস্থান অফসেট করতে চিকিৎসার বিলগুলি প্রযুক্ত হলে তা পরিশোধ করা আপনার দায়িত্ব। চিকিৎসা প্রদানকারীকে বলা হবে যে বিলের রাশি আপনার দায়িত্ব। **Medicaid বিলের রাশি প্রদান করবে না।**

আপনার অতিরিক্ত সংস্থান দাফনের খরচে অফসেট করার ক্ষেত্রে একজন অন্ত্যেষ্টি পরিচালক অথবা এই ধরনের চুক্তি তৈরির কাজে জড়িত কোনও ব্যক্তি বা সংস্থার সঙ্গে আপনি নিজের/আপনার স্ত্রীর/স্বামীর জন্য একটি অপ্রত্যাহারযোগ্য দাফন অছি প্রতিষ্ঠা করতে পারেন। কোনও অপ্রত্যাহারযোগ্য দাফনের অছির মাধ্যমে কেনা প্রথাগত দাফন সংক্রান্ত পণ্য ও পরিষেবার উপর কোনও সীমা নেই। যদিও, অন্ত্যেষ্টি ও দাফনের খরচ মেটানোর পর অছিতে পড়ে থাকা কোনও অর্থ কাউন্টিতে চলে যাবে। এই অপ্রত্যাহারযোগ্য দাফনের অছি প্রতিষ্ঠিত হয়ে যাওয়ার পর আপনি আপনার অর্থ ফেরত নিতে পারবেন না, তবে আপনি অন্ত্যেষ্টি গৃহ সম্পর্কে নিজের পছন্দ বদলাতে পারেন। তাছাড়াও, আপনাকে $1,500 পর্যন্ত ($3,000 পর্যন্ত, দম্পতির জন্য) দাফনের তহবিলে ছাড়ের সুযোগ দেওয়া হতে পারে। আপনার সংস্থান বিশেষ কিছু প্রিপেড দাফনের খরচ বা সঞ্চয়ে অফসেট করার জন্য আপনার/আপনার স্ত্রীর/স্বামীর দাফন সংক্রান্ত খরচ করা আবশ্যক এবং আপনাকে আপনার অতিরিক্ত সংস্থান সম্পর্কে জানানোর 10 দিনের মধ্যে আপনার কর্মীকে অবহিত করা আবশ্যক। নতুন আবেদনগুলির জন্য, আপনার এবং/অথবা আপনার স্ত্রীর/স্বামীর দাফন সংক্রান্ত ছাড়গুলির দ্বারা অতিরিক্ত সংস্থান অফসেট করার সুযোগ দেওয়া হবে, ঠিক যেন ভূতাপেক্ষ সময়কালে সেগুলি কেনা হয়েছে। আপনার কর্মী আপনাকে আপনার সংস্থান কমানোর জন্য যে প্রকারের দাফনের খরচ আপনি করতে পারেন তার সম্পর্কে আরও কিছু জানাতে পারবেন।

**গুরুত্বপূর্ণ:** হয় আপনার অ্যাকাউন্টে সুদ বেশি ক্রেডিট করা অথবা আপনি অন্য কোনও অর্থ আপনার অ্যাকাউন্টে জমা করার কারণে আপনার সংস্থান বেড়ে Medicaid যার অনুমতি দেয় তার চেয়ে বেশি হয়ে গেলে আপনি সেই মাসের সহায়তার জন্য এবং অতিরিক্ত সংস্থান চিকিৎসার বিলের দ্বারা অফসেট হওয়া অথবা উপরে বর্ণিত দাফন সংক্রান্ত জিনিসপত্র কিনতে ব্যবহার করা পর্যন্ত অযোগ্য থাকবেন। আপনি অযোগ্য থাকা অবস্থায় Medicaid পেলে আপনার সামাজিক পরিষেবা ডিসট্রিক্ট আপনার হয়ে ভুল করে প্রদান করা রাশি আপনার থেকে সংগ্রহ করতে পারে।

আপনার কোনও প্রশ্ন থাকলে অনুগ্রহ করে আপনার Medicaid যোগ্যতা কর্মীর সঙ্গে যোগাযোগ করুন।